আজকের কাগজ

তারিখ 28 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

205

চা.বিতে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সমাবেশ ঘোষণা

# বিশেষ সুবিধায় ছাত্র ভর্তির প্রতিবাদে ২ আগস্ট ভিসি অফিস ঘেরাও ১৩ ও ১৪ আগস্ট ধর্মঘট

শিক্ষক-অফিসারদের পোষ্যদের বিশেষ সুবিধার ভর্তিসহ ভর্তিক্ষেত্রে সকল অনিয়ম-দুর্নীতি-বৈষম্যমূলক নীতি বাতিলের দাবিতে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের উদ্যোগে গতকাল সকাল ১১টায় কলাভবন আমতলায় এক ছাত্র সভা অনুষ্ঠিত হয়। ছাত্র মৈত্রীর সভাপতি মিজানুর রহমান চন্দনের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র সভায় বক্তব্য রাখেন, ছাত্রলীগ (কা-চু) সভাপতি আব্দুল্লাহিল কাইয়ুম, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম, বাসদ ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ শহিদুল্লাহ, ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক ফারুক আহমেদ ছাত্র সমিতির ভারপ্রাপ্ত সভাপতি মোহসীন সরকার, ছাত্র ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান সোহেল। সমাবেশ থেকে আগামী ২ আগস্ট ভিসি অফিস ঘেরাও, ১২ আগস্ট সমাবেশ, ১৩, ১৪ আগস্ট বিশ্ব বিদ্যালয়ে সর্বাত্মক ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচি ঘোষণায় বলা হয়, এর মধ্যে যদি ভিসি নিয়ম বহির্ভূত কোন ভর্তি করেন, তাহলে তাৎক্ষণিকভাবে বিশ্ব বিদ্যালয়ে বিরামহীন ধর্মঘট আহবান করা হবে। খবর বিজ্ঞপ্তি।